

কোন দেশে সামরিক আক্রমণ মানবিকতার পর্যায়ে পড়েনা

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেছেন, কোন দেশে সামরিক আক্রমণ মানবিকতার পর্যায়ে পড়েনা। মানবিকতার জিগির তুললেও তারা যুদ্ধ আইনের তোয়াক্কা করেনা। তিনি বলেন, কোন দেশে সরকার সাধারণত নাগরিকের মৌলিক মানবাধিকার ও নিরাপত্তার গ্যারান্টি হয়ে থাকে। কিন্তু মানুষ যখন শরণার্থী হয়ে যায় এই নিরাপত্তার বিষয়টি তখন অস্তিত্বহীন হয়ে পড়ে।

আজ বৃহস্পতিবার সকালে কুমিরাস্থ স্থায়ী ক্যাম্পাসে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর আইন বিভাগ আয়োজিত 'ইসলাম ও আন্তর্জাতিক মানবিক আইন' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম অভিমত ব্যক্ত করেন। আইন অনুষদের কো-অর্ডিনেটর প্রফেসর মোঃ মোরশেদ মাহমুদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন আইআইইউসি'র ভারপ্রাপ্ত প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসাইন এবং আইসিআরসি'র ডেপুটি হেড অব ডেলিগেশন বরিস কেলশেভিক। অতিথি হিসেবে বক্তব্য রাখেন, আইআইইউসি'র শরীয়াহ ও ইসলামিক স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. নাজমুল হক নাদভী, আইআইইউসি'র রেজিস্ট্রার কর্ণেল (অবঃ) মোহাম্মদ কাশেম, স্বাগতঃ বক্তব্য রাখেন আইন বিভাগের প্রধান মোহাম্মদ সাইদুল ইসলাম। প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডীন প্রফেসর ড. এ বি এম আবু নোমান, আইআইইউসি'র ইসলামিক স্টাডিজ বিভাগের প্রফেসর ড. বি এম মফিজুর রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মনজুর ইলাহি এবং আইআইইউসি'র আইন বিভাগের প্রধান মোহাম্মদ সাইদুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইআইইউসি'র আইন বিভাগের শিক্ষক মোঃ নাছির উদ্দিন।



ছবির : আইআইইউসি'র সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম

প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেন, ইসলাম একটি পরিপূর্ণ জীবন ব্যবস্থা। ইসলামে মানবিক আইনের প্রয়োগ ধর্মচর্চা একটি গুরুত্বপূর্ণ অংশ। তিনি বলেন, আইনগত সুরক্ষা প্রাপ্তির বিষয়টি মানবিক দৃষ্টিকোণ থেকেই ভাবতে হবে। নিজ দেশে থেকে বিতাড়িত মানুষগুলোর পাশে মানবতার স্বার্থেই অন্য দেশগুলোর দাঁড়ানো উচিত।

বিশেষ অতিথির বক্তব্যে আইসিআরসি'র ডেপুটি হেড অব ডেলিগেশন বরিস কেলশেভিক আগে মানবতা তারপর রাজনীতি। আগে মানবিক তারপর রাজনৈতিক হওয়ার উপর তিনি গুরুত্বারোপ করেন। রাজনৈতিক চিন্তা মাথায় রেখে বিপন্ন মানুষের সমস্যা সমাধান করা যাবেনা বলে তিনি উল্লেখ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভারপ্রাপ্ত প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসাইন বলেন, বর্তমানে ইসলাম আর সন্ত্রাসবাদকে সমার্থকভাবে ভাবা হয়। এটি সমস্যা সমাধানের অন্তরায়। --- প্রেস বিজ্ঞপ্তি